

## সেকশন ১

### উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

#### ১.১ রূপকল্প (Vision)

টেকসই সমবায়, টেকসই উন্নয়ন

#### ১.২ অভিলক্ষ্য (Mission)

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবাখাতে টেকসই সমবায় গড়ে তোলা।

#### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

##### ১.৩.১ উপজেলা অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. উৎপাদন, আর্থিক ও সেবাখাতে সমবায় গঠন;
২. টেকসই সমবায় গঠনে কার্যক্রম গ্রহণ
৩. সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি ও উদ্যোক্তা সৃজন;

##### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

#### ১.৪ কার্যাবলি (Functions)

১. সমবায় আদর্শ/দর্শনে উদ্বুদ্ধকরণ ও সমবায় সংগঠন গড়ে তোলা;
২. নিরীক্ষা, পরিদর্শন ও তদারকির মাধ্যমে সমবায় সমিতিগুলোতে সুশাসন প্রতিষ্ঠা করা;
৩. কর্মকর্তা-কর্মচারীদের উচ্চতর প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি করা;
৪. প্রশিক্ষণের মাধ্যমে সমবায়ীদের দক্ষতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টি ও স্ব-কর্মসংস্থানে সহায়তা করা,
৫. সমবায় নেটওয়ার্কিং জোরদার করার লক্ষ্যে সমবায় মূল্যবোধের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন ও প্রতিষ্ঠানিক স্বীকৃতি প্রদান;
৬. সমবায় পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে আত্মকর্মসংস্থানে সহায়তা করা;
৭. সুবিধা বঞ্চিত অনগ্রসর ও গ্রামীণ মহিলাদের ক্ষমতায়ন, আর্থ-সামাজিক উন্নয়ন এবং জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন প্রকল্প ও কর্মসূচির বাস্তবায়ন;
৮. সমবায় পণ্যের ব্রান্ডিং, বাজারজাতকরণ ও বাজার সংযোগ প্রতিষ্ঠায় সমবায়ীদের সংপৃক্তকরণে সহায়তা করা;
৯. সমবায় অধিদপ্তরের অভিলক্ষ্য অর্জন ও কার্যাবলি বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।